ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# বাংলাদেশে জলবায়ু অর্থায়নঃ সুশাসনের চ্যালেঞ্জ ও উত্তরণের উপায়


**মহুয়া রউফ**

সহকারি প্রকল্প সমন্বয়ক-গবেষণা

জলবায়ু অর্থায়ন সুশাসন প্রকল্প


৩ অক্টোবর, ২০১৩

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# প্রেক্ষাপট

- বাংলাদেশ পৃথিবীতে জলবায়ু পরিবর্তনের নেতিবাচক প্রভাবে সবচেয়ে বেশি ঝুঁকিপুর্ণ দেশগুলোর একটি (গ্লোবাল ক্লাইমেট ঝুঁকি সূচক ২০১২)
- জলবায়ু পরিবর্তন বাংলাদেশের উন্নয়ন, নিরাপত্তা,দারিদ্র বিমোচন ও অস্তিত্বের প্রতি চ্যালেঞ্জ
- জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় বাংলাদেশ সরকার কর্তৃক গৃহীত প্রধান পদক্ষেপ-
    - জলবায়ু পরিবর্তন কৌশলপত্র এবং কর্মপরিকল্পনা ২০০৯ প্রণয়ন
    - 'বাংলাদেশ ক্লাইমেট চেঞ্জ ট্রাস্ট ফান্ড' (বিসিসিটিএফ) ও 'বাংলাদেশ ক্লাইমেট চেঞ্জ রেজিলিয়েন্স ফান্ড' (বিসিসিআরএফ) গঠন
    - বিসিসিটিএফ হতে প্রকল্প অনুমোদন (জুন,২০১৩)-
        - সরকারি প্রতিষ্ঠান - ১৩৯টি প্রকল্প
        - এনজিও/ বেসরকারি প্রতিষ্ঠান - ৬৩ টি প্রকল্প
    - বিসিসিআরএফ হতে সরকারি প্রতিষ্ঠানগুলোকে প্রকল্প অনুমোদন (জুন,২০১৩)- ১১ টি
    - অন্যান্য তহবিল (পিপিসিআর, জেফ, এসএসএফ, এলডিসিএফ) হতে অর্থ বরাদ্দ ।

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
*দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন*

# গবেষণার যৌক্তিকতা

- **বৈশ্বিক দুর্নীতি প্রতিবেদন: জলবায়ু পরিবর্তন (২০১১) -** জলবায়ু অর্থায়ন সম্পূর্ণ নতুন এবং অপরীক্ষিত ক্ষেত্র, বেশি সম্পদ, বেশি অনিয়ম-দুর্নীতির ঝুঁকি
- **ক্লাইমেট পাবলিক এক্সপিন্ডিচার এন্ড ইনষ্টিটিউশনাল রিভিউ (ইউএনডিপি, ২০১২) -** বাংলাদেশে জলবায়ু বাজেটের স্বচ্ছতা ও জবাবদিহিতার ওপর জোর দেয়া হয়েছে
- **টিআইবি পরিচালিত জলবায়ু অর্থায়নে সুশাসন সমীক্ষায় (২০১২) প্রাপ্ত ফলাফল-**
  - অর্থায়নের নতুন ক্ষেত্র হিসেবে জলবায়ু অর্থায়ন ব্যবস্থাপনায় সুশাসনের ঝুঁকি নিরূপণে সুনির্দিষ্ট ধারণা অনুপস্থিত
  - রাজনৈতিক বিবেচনায় প্রকল্প নির্বাচন, ঠিকাদার নিয়োগ এবং জবাবদিহিতার ঘাটতি
  - সীমিত/ ক্ষেত্রবিশেষে তথ্যের অপ্রাপ্যতা
  - প্রকল্প প্রণয়নে ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠীর কার্যকর অংশগ্রহণের ঘাটতি
  - তহবিল প্রদানকারী এবং প্রকল্প বাস্তবায়নকারী প্রতিষ্ঠানসমূহের মধ্যে সমন্বয়হীনতা এবং অনিয়ম

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# গবেষণার উদ্দেশ্য

- বাংলাদেশে জলবায়ু অর্থায়নের অগ্রগতি পর্যবেক্ষণ
- বিসিসিটিএফ এবং বিসিসিআরএফ হতে সরকারি প্রতিষ্ঠানকে অনুমোদিত প্রকল্প বাস্তবায়নে সুশাসন পর্যবেক্ষণ
- বিসিসিটিএফ তহবিল প্রাপ্ত এনজিও/বেসরকারি প্রতিষ্ঠান ও প্রকল্প নির্বাচন এবং বাস্তবায়িত সুনির্দিষ্ট প্রকল্পে সুশাসন পর্যবেক্ষণ
- সুপারিশ/উত্তরণের উপায়

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# গবেষণা পদ্ধতি

- একটি অনুসন্ধানমূলক গবেষণা
- গবেষণার সময়কাল: সেপ্টেম্বর ২০১২ - সেপ্টেম্বর ২০১৩
- সুশাসন পর্যবেক্ষণে নির্ধারকসমূহ নির্ধারণ
- টিআইবি কর্তৃক ধারাবহিকভাবে জলবায়ু অর্থায়ন ও প্রকল্প বাস্তবায়নে সুশাসন পর্যবেক্ষণের আওতায় তহবিলের ভিন্নতা, আকার এবং অভিযোজনের অগ্রাধিকার বিবেচনা করে বিসিসিটিএফ এবং বিসিসিসিআরএফ হতে ১টি করে মোট ২টি প্রকল্প নির্বাচন করা হয়েছে
- স্থানীয় পর্যায়ে এনজিও/বেসরকারি খাতে প্রকল্প বাস্তবায়নের গুরুত্ব বিবেচনা করে বিসিসিটিএফ হতে এনজিও/বেসরকারি খাতে অর্থায়নকে এ গবেষণার আওতায় নেয়া হয়েছে
- গুণগত ও পরিমাণগত উভয় পদ্ধতিতে প্রত্যক্ষ ও পরোক্ষ উভয় উৎস থেকে তথ্য সংগ্রহ করা হয়েছে


# গবেষণা পদ্ধতি: সুশাসন পর্যবেক্ষণে নির্ধারকসমূহ

| পর্যবেক্ষণের আওতা | বিসিসিটিএফ ও বিসিসিআরএফ প্রাপ্ত সরকারি প্রকল্প | বিসিসিটিএফ প্রদত্ত এনজিও/ বেসরকারি প্রতিষ্ঠান ও প্রকল্প |
|---|---|---|
| **প্রকল্প অনুমোদন** | ○ প্রকল্প প্রণয়ন ও অনুমোদন স্তরে ঝুঁকি<br>○ আন্ত:প্রতিষ্ঠান সমন্বয়<br>○ প্রকল্পের দীর্ঘস্থায়ী প্রভাব | ○ তথ্যের উন্মুক্ততা<br>○ রাজনৈতিক প্রভাব, প্রাতিষ্ঠানিক জবাবদিহিতা, সততার চর্চা<br>○ প্রতিষ্ঠানিক সক্ষমতা<br>○ জলবায়ু পরিবর্তন বিষয়ক অভিজ্ঞতা<br>○ ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠীর অংশগ্রহণ, রাজনৈতিক সংশ্লিষ্টতা<br>○ জলবায়ু পরিবর্তনের ঝুঁকি এবং অর্থায়নে অগ্রাধিকার |
| **প্রকল্প বাস্তবায়ন** | ○ ঠিকাদার নির্বাচনে রাজনৈতিক প্রভাব ও সততার চর্চা<br>○ নির্মাণ কাজের মান ও জবাবদিহিতা<br>○ তদারকি ও পর্যবেক্ষণে স্থানীয় ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠী/কর্তৃপক্ষের অংশগ্রহণ<br>○ তৃতীয় পক্ষ তদারকি | ○ সুবিধাভোগী নির্বাচনে রাজনৈতিক প্রভাব ও স্বার্থের দ্বন্দ্ব<br>○ স্বচ্ছতা, জবাবদিহিতা<br>○ প্রকল্পের দীর্ঘস্থায়ী ফলাফল,অর্থের সঠিক ব্যবহার<br>○ অভিজ্ঞতা/দক্ষতা, প্রকল্প এলাকায় নিজস্ব অফিস, জনবল<br>○ উপকরণের ব্যবহার উপযোগিতা, কাজের মান<br>○ প্রকল্প তদারকি, পরিদর্শন ও নিরীক্ষা |


# গবেষণা পদ্ধতি

| প্রত্যক্ষ উৎস | পরোক্ষ উৎস |
|---|---|
| ○ মুখ্য তথ্যদাতা ও প্রকল্প সংশ্লিষ্ট জনগোষ্ঠীর সাক্ষাৎকার<br>○ হাইড্রোগ্রাফিক জরিপ (বর্জ্য নিষ্কাশন) - জুন ২০১৩<br>○ প্রকল্প এলাকা সরেজমিন পরিদর্শন<br>▪ বিসিসিটিএফ প্রদত্ত সরকারি প্রকল্প এলাকা - হাইক্কার খাল- ঢাকা, চারারগোপ- নারায়ণগঞ্জ<br>▪ বিসিসিআরএফ প্রদত্ত সরকারি প্রকল্প এলাকা-বরিশাল, পটুয়াখালি, পিরোজপুর, খুলনা এবং সাতক্ষীরা<br>▪ বিসিসিটিএফ নির্বাচিত ৪০টি এনজিও প্রতিষ্ঠান কার্যালয় ও ৩টি বাস্তবায়নাধীন প্রকল্প | ○ এনজিও/ বেসরকারি নীতিমালা পর্যালোচনা<br>○ তথ্য অধিকার আইন প্রয়োগ<br>○ অনুমোদিত প্রকল্প প্রস্তাব পর্যালোচনা<br>○ গবেষণা প্রতিবেদন পর্যালোচনা<br>○ সংবাদপত্র ও বিভিন্ন ওয়েবসাইট পর্যালোচনা |


# বাংলাদেশে জলবায়ু অর্থায়নে অগ্রগতি




# বাংলাদেশে প্রতিষ্ঠান ভিত্তিক জলবায়ু অর্থায়ন



# বাংলাদেশে তহবিল-ভিত্তিক জলবায়ু অর্থায়ন



# এনজিও/বেসরকারি প্রতিষ্ঠানে বিসিসিটিএফ হতে থিম ভিত্তিক অর্থায়ন




# বাংলাদেশে জলবায়ু অর্থায়নের বিশ্লেষণ

- বিসিসিএসএপি-২০০৯ কর্মপরিকল্পনা বাস্তবায়নে বছরে গড়ে ১ বিলিয়ন ডলার অর্থের প্রয়োজন
- উন্নত (এ্যানেক্স-১) দেশসমূহ জুন ২০১৩ পর্যন্ত ৫৯৪ মিলিয়ন ইউএস ডলার বাংলাদেশে প্রদানের প্রতিশ্রুতি দিয়েছে
- বাংলাদশে সরকার বিসিসিটিএফ এ ৩৪০ মিলিয়ন ইউএস ডলার বরাদ্দ করেছে (জুন ২০১৩)
- প্রাপ্ত ক্ষতিপূরণ বাবদ তহবিল যথার্থ নয়, ক্ষতিপূরণ  আদায়ে সক্রিয়তা প্রয়োজন
- জলবায়ু তহিবল ব্যবস্থাপনায় সততা, স্বচ্ছতা এবং জবাবদিহিতা নিশ্চিতে সুনির্দিষ্ট পদক্ষেপ নেয়ার সুযোগ রয়েছে।

# বিসিসিআরএফ তহবিলে বাস্তবায়িত প্রকল্পে সুশাসন পর্যবেক্ষণ

| প্রকল্পের নাম | বাস্তবায়নকারী প্রতিষ্ঠান | প্রাক্কলিত ব্যয় (কোটি টাকা) | বাস্তবায়ন কাল |
|---|---|---|---|
| জরুরি ২০০৭ ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র পুনরুদ্ধার ও পুনর্বাসন | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) | ১৯৪.৩৮ (প্রতিটি ১.৭৫ - ২.৩০ কোটি ) | ডিসেম্বর,২০০৮ -জুন,২০১৩ |




## প্রকল্পের ইতিবাচক দিক

- নির্মাণ শুরুর আগে মাটির গুণাগুণ পরীক্ষা ও সামাজিক জরিপ সম্পন্ন।
- নারী ও পুরুষের জন্য আলাদা কক্ষ, শৌচাগার।
- দুর্যোগের সময় মহিলাদের প্রসব সুবিধা ও আলাদা শৌচাগারসহ একটি কক্ষ।
- সৌর বিদ্যুৎ, বিদ্যুৎ ও বৃষ্টির পানি ধরে রাখার ব্যবস্থা।
- তৃতীয় পক্ষ এবং স্থানীয় স্কুল কমিটিকে আশ্রয়কেন্দ্র নির্মাণ তদারকিতে সম্পৃক্তকরণ।
- বরাদ্দের পরিমাণ বেশি হওয়ায় দীর্ঘমেয়াদী অভিযোজন কার্যক্রমের সুযোগ।

# বিসিসিআরএফ তহবিলে বাস্তবায়িত প্রকল্পে সুশাসন পর্যবেক্ষণ

## প্রকল্প প্রণয়ন ও অনুমোদনে স্বচ্ছতা এবং ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠীর অংশগ্রহণ

- বিসিসিআরএফ এ প্রদত্ত “নতুন ও অতিরিক্ত” তহবিল ক্ষতিপূরণ হলেও মাঠ পর্যায়ে তা ঋণ হিসাবে দেখানো হয়েছে
- তহবিল প্রদানকারী হিসাবে বিসিসিআরএফ’র পরিবর্তে বিশ্ব ব্যাংককে দেখানো হয়েছে
- প্রকল্প প্রস্তাব তৈরির পূর্বে স্থানীয় লোকদের সাথে আলোচনা করা হয় নি
- তহবিলের প্রকৃত উৎস সম্পর্কে স্থানীয় পর্যায়ে বাস্তবায়নকারী সংস্থার কর্মকর্তারা অবহিত নয়।




১৬ই সেপ্টেম্বর,২০১২

# বিসিসিআরএফ তহবিলে বাস্তবায়িত প্রকল্পে সুশাসন পর্যবেক্ষণ

## প্রকল্প বাস্তবায়ন পর্যায়ে রাজনৈতিক প্রভাব ও সততার চর্চা

- ঠিকাদারি পেতে স্থানীয় ক্ষমতাসীন রাজনৈতিক ব্যক্তির প্রভাব
- সরকারি ক্রয় আইন লঙ্ঘন করে বেশ কিছু ক্ষেত্রে মূল ঠিকাদার কর্তৃক সাব-কন্ট্রাক্টর নিয়োগ
- এলজিইডি'র বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা কর্তৃক বিভিন্ন প্রকল্পের বিল হতে কমিশন আদায়ের অভিযোগ (এলজিইডি বিষয়ক গবেষণা-২০১৩, টিআইবি)।

# বিসিসিআরএফ তহবিলে বাস্তবায়িত প্রকল্পে সুশাসন পর্যবেক্ষণ

## প্রকল্প বাস্তবায়ন পর্যায়ে কাজের গুণগত মান এবং জবাবদিহিতা


- **স্থানীয় জনগোষ্ঠী কয়েকটি আশ্রয়কেন্দ্র নির্মাণ কাজের গুণগত মান নিয়ে সন্তুষ্টি প্রকাশ করলেও কিছু ক্ষেত্রে নিম্নের অভিযোগ উত্থাপন করেছে-**
  - **নিম্ন মানের নির্মাণ সামগ্রী ব্যবহার, যেমন-**
    - আশ্রয়কেন্দ্রের ভিত্তি নির্মাণে নিচের স্তরে খারাপ পাথর ব্যবহার, কিন্তু উপরের স্তরে তুলনামূলক ভাল পাথর দিয়ে নির্মাণ কাজ
    - কিছু স্থানে পাইলিংয়ের রড ঢালাইয়ের সময় এক স্থানে জমা হয়ে গেলেও তার উপরেই ঢালাইয়ের কাজ করা
    - কিছু স্থানে নির্মাণ কাজে মিঠা পানির পরিবর্তে লবণাক্ত পানির ব্যবহার
  - **নিম্ন মানের নির্মাণ সামগ্রী ব্যবহারের ফলে বাস্তবায়ন কাজ বন্ধ করে দেয়া**
  - **কার্যকর অভিযোগ নিরসন ব্যবস্থার অনুপস্থিতি**

# বিসিসিআরএফ তহবিলে বাস্তবায়িত প্রকল্পে সুশাসন পর্যবেক্ষণ

## প্রকল্প বাস্তবায়নে তদারকি এবং কাজের মূল্যায়ন

- স্কুল কমিটিকে নির্মাণ কাজের তদারকির দায়িত্ব প্রদানের কথা থাকলেও কোনো কোনো স্থানে স্কুল কমিটির সম্পৃক্ততার অভাব ছিল, যেমন- পটুয়াখালির বাউফল
- বিশ্ব ব্যাংক ও এলজিইডি'র কর্মকর্তাবৃন্দ দুর্গম এলাকায় একবারও তদারকির কাজে যায়নি বলে অভিযোগ

## তৃতীয় পক্ষ তদারকি




# বিসিসিআরএফ তহবিলে বাস্তবায়িত প্রকল্পে সুশাসন পর্যবেক্ষণ

## তৃতীয় পক্ষ তদারকির ক্ষেত্রে চালেঞ্জ

- এফআরই এলজিইডি অফিসে বসার কারণে স্বাধীনভাবে কাজ করতে না পারা;
- এফআরই, এলজিইডি এবং ঠিকাদারি প্রতিষ্ঠান উভয় পক্ষের চাপের মুখে থাকা - ***১টি প্রকল্প বাস্তবায়ন এলাকায় ১ বছরের ব্যবধানে ১২ জন এফআরই চাকরি ছেড়ে চলে যান;***
- নির্মাণ সামগ্রীর মান যাচাই রিপোর্ট পাওয়ার আগেই এ সংক্রান্ত ছাড়পত্রে স্বাক্ষর  করতে এফআরই'র ওপর চাপ প্রয়োগ।

# বিসিসিটিএফ তহবিলে বাস্তবায়িত প্রকল্পে সুশাসন পর্যবেক্ষণ

| প্রকল্পের নাম | বাস্তবায়নকারী প্রতিষ্ঠান | প্রাক্কলিত ব্যয় (কোটি টাকা) | বাস্তবায়ন কাল |
|---|---|---|---|
| ঢাকার রায়ের বাজার সংলগ্ন হাইক্কারখাল ও নারায়ণগঞ্জের চারারগোপে সঞ্চিত পলিথিনসহ অন্যান্য বর্জ্য অপসারণ | বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ | ২২.১৮ | জুলাই,২০১১ - জুন,২০১৩ |




হাইক্কার খাল




নারায়ণগঞ্জের চারারগোপ

# বিসিসিটিএফ তহবিলে বাস্তবায়িত প্রকল্পে সুশাসন পর্যবেক্ষণ

## প্রকল্পের ইতিবাচক প্রভাব

- দুটি নদীর নাব্যতা সাময়িকভাবে বাড়ায় মাঝারি আকারের নৌযান এখন তীরে ভিড়তে পারে
- চারারগোপে ২০ টি বিন ও ১ টি গার্বেজ পয়েন্ট নির্মাণ করায় স্থানীয় আড়তদারেরা ময়লা রাখতে পরে
- প্রকল্প বাস্তবায়ন এলাকা ভূমি দস্যুদের দখলমুক্ত হয়েছে।

## প্রকল্প প্রণয়ন ও অনুমোদনে আন্ত:প্রতিষ্ঠান সমন্বয় ও জবাবদিহিতা

- প্রকল্প প্রণয়ন পর্যায়ে বিআইডব্লিউটিএ, সিটি কর্পোরেশন, পরিবেশ অধিদপ্তর এবং পানি উন্নয়ন বোর্ডের  মধ্যে কার্যকর সমন্বয়ের ঘাটতি
- স্লুইস গেট দিয়ে প্রতিনিয়ত ট্যানারীর বিপুল পরিমাণ অশোধিত বর্জ্য নদীতে পড়া বন্ধ না করে প্রকল্প বাস্তবায়ন - **প্রকল্পের সুফলের স্থায়িত্ব নিয়ে অনিশ্চয়তা**
- হাইক্কার খাল অংশে নিযুক্ত ঠিকাদার নীতি নির্ধারণী পর্যায়ের ব্যক্তির ঘনিষ্ঠ আত্মীয়, অভিযোগ স্থানীয় ব্যবসায়ীদের।

# বিসিসিটিএফ তহিবলে বাস্তবায়িত প্রকল্পে সুশাসন পর্যবেক্ষণ

## বিআইডাব্লিউটিএ'র প্রকল্প প্রস্তাব এবং টিআইবি জরিপের তুলনা: অব্যয়িত অর্থ সম্বন্ধে অস্বচ্ছতা

| প্রকল্প এলকা | প্রকল্প বাস্তবায়ন এলাকার দৈর্ঘ্য (কিলোমিটার) | | | ময়লা অপসারণের পরিমাণ (ঘনফুট) | | | টিআইবি কর্তৃক প্রাক্কলিত অ-ব্যয়িত অর্থের গড় পরিমাণ (কোটি ) |
|---|---|---|---|---|---|---|---|
| | প্রকল্প প্রস্তাব | বিআইডব্লিউটি এ জরিপ | টিআইবি জরিপ | প্রকল্প প্রস্তাব | বিআইডব্লিউটিএ জরিপ | টিআইবি কর্তৃক হাইড্রোগ্রাফিক জরিপ | |
| হাইক্কার খাল | ২.৭৩ | ২.৩০ | ২.৩০ | ২৩৪,০০০ | ১৫৮,৭৩৯ | ১৩৯,২৪২ | ৩.৬ |
| চারার গোপ | ২.২৬ | ০.৩৭ | ০.৩৭ | ১৫১,০০০ | ৭০,৯৭২ | ৬৫,৭৪২ | ১.৭৪ |

# বিসিসিটিএফ তহিবলে বাস্তবায়িত প্রকল্পে সুশাসন পর্যবেক্ষণ

| প্রকল্প খরচ সংক্রান্ত খাত | বরাদ্দের পরিমাণ (লক্ষ টাকা) | বিআইডব্লিউটিএর অবস্থান | টিআইবি'র পর্যবেক্ষণ |
|---|---|---|---|
| প্রচার ও বিজ্ঞাপন | ১৮ | পুরো অর্থ ব্যয় হয়েছে | স্থানীয় জনগণ প্রকল্প কার্যক্রম সম্পর্কে অবগত নয় |
| প্রিন্টারসহ কম্পিউটার | ০.৭৫ | | ক্রয় সম্পর্কে নিশ্চিত হওয়া যায় নি |
| জনসচেতনতামূলক কাজ | ১৮ | করা হয়েছে | মাত্র ৭টি সাইনবোর্ড দৃশ্যমান |
| উচ্ছেদ অভিযান | ২০ | সম্পন্ন হয়েছে | প্রকৃত খরচ সংক্রান্ত তথ্য পাওয়া যায় নি |
| গার্বেজ সংগ্রহ স্থান | ২০ | সম্পন্ন হয়েছে | ২ টির মধ্য ১টি সম্পন্ন হয়েছে |
| বৃক্ষরোপন | ২.২ | বৃক্ষ রোপন করা হয়েছে | স্থানীয় জনগণ বৃক্ষ রোপন করেছে |
| হাইড্রোগ্রাফিক জরিপ, প্রকৌশল জরিপ ও সয়েল টেস্ট, ওয়াকওয়ে, মাটির রাস্তা সম্পন্ন হয়েছে | | | |

অব্যয়িত অর্থ কোথায় কিভাবে  ব্যায় হচ্ছে সে সম্বন্ধে অস্বচ্ছতা

# বিসিসিটিএফ কর্তৃক এনজিও/বেসরকারি প্রতিষ্ঠান নির্বাচনে সুশাসন পর্যবেক্ষণ

## এনজিও প্রকল্প নির্বাচন প্রক্রিয়া

**ধাপ-১**

- বিসিসিটি (পূর্বের সিসিইউ) কর্তৃক ২০১১ সালে এনজিও/ বেসরকারি প্রতিষ্ঠান হতে প্রকল্প প্রস্তাব আহবান এবং ৫০০০ হাজারের বেশি প্রকল্প প্রস্তাব দাখিল হয়
- বিসিসিটি কর্তৃক ৫৩ টি এনজিওকে তহবিল বরাদ্দের জন্য প্রাথমিকভাবে নির্বাচন করে

**ধাপ-২**

এনজিও নির্বাচনে দুর্নীতি ও অসততার অভিযোগ পত্রিকায় প্রকাশের পর ২০১১ সালের আগষ্ট মাসে বিসিসিটি তহবিল ছাড় স্থগিত করে

**ধাপ-৩**

বিসিসিটি ২০১১ সালের নভেম্বর মাসে পিকেএসএফকে বাতিলকৃত প্রকল্প প্রস্তাব সহ মোট ১১৫ টি এনজিও প্রকল্প প্রস্তাব পূন:মূল্যায়নের দয়িত্ব প্রদান করে

**ধাপ-৪**

২০১৩ সনে পিকেএসএফ চুড়ান্তভাবে ৬৩ টি এনজিওকে তহবিল প্রদানের জন্য নির্বাচন করে

# বিসিসিটিএফ কর্তৃক এনজিও/বেসরকারি প্রতিষ্ঠান নির্বাচনে সুশাসন পর্যবেক্ষণ

## স্বচ্ছতা/তথ্যের উন্মুক্ততা

- পিকেএসএফ ও সরকারের মধ্যকার এনজিও/বেসরকারি প্রতিষ্ঠান নির্বাচন সংক্রান্ত লিখিত সমঝোতা স্মারক না থাকা/প্রকাশ না করা
- বিসিসিটি কর্তৃক নির্বাচিত ১১৫টি এনজিও প্রকল্প নির্বাচন প্রক্রিয়া সংক্রান্ত প্রতিবেদন প্রকাশ না করা
- জুন ২০১৩ পর্যন্ত পিকেএসএফ কর্তৃক অনুমোদিত ৬৩ টি প্রকল্প নির্বাচন সংক্রান্ত তথ্য জনসমক্ষে/ওয়েবসাইটে প্রকাশ না করা
- তথ্য অধিকার আইনের আওতায় প্রকল্প প্রস্তাবের জন্য ৫৫টি এনজিও'র কাছে আবেদন করলে  মাত্র ২১টি এনজিও প্রকল্প প্রস্তাব প্রেরণ করে
- বিসিসিটিএফ, পিকেএসএফ এবং এনজিও'র কার্যক্রম/এখতিয়ার সুনির্দিষ্ট না করায় তথ্য সংগ্রহে দীর্ঘসূত্রতা ও অস্বচ্ছতা

# বিসিসিটিএফ কর্তৃক এনজিও/বেসরকারি প্রতিষ্ঠান নির্বাচনে সুশাসন পর্যবেক্ষণ

## প্রকল্প নির্বাচনে জবাবদিহিতা ও সততার চর্চা

- নির্বাচিত এনজিও/বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক প্রকল্প প্রাপ্তি নিশ্চিতে
  - প্রাক্কলনের নির্দিষ্ট পরিমাণ অর্থ (২০%) 'কমিশন' হিসেবে গ্রহণের অভিযোগ
  - নীতি নির্ধারণী পর্যায়ের ব্যক্তি সংশ্লিষ্ট কোনো এনজিওকে অবৈধভাবে বাস্তবায়ন সহযোগী হিসেবে নিযুক্ত করার অভিযোগ
  - নীতি নির্ধারণী পর্যায়ের প্রভাবশালী ব্যক্তির নির্বাচনী এলাকায় বৈষয়িক সুবিধা নেয়ার (কম্পিউটার সেন্টার প্রতিষ্ঠা) অভিযোগ
- বিসিসিএসএপি'র ঝুঁকি ম্যাপ অনুযায়ী সবচেয়ে ক্ষতিগ্রস্থ এলাকায় স্বল্প পরিমাণ প্রকল্প ও তহবিল প্রদান - **খুলনা (৬.৫%), সাতক্ষীরা (১.২%), বাগেরহাটে কোনো প্রকল্প বরাদ্দ হয়নি।**

### কেস স্টাডি:বনায়ন প্রকল্পসমূহ (বরাদ্দ ১৯.২%)

- একই ধরনের প্রকল্পে চারা উত্তোলন থেকে বনায়ন পর্যন্ত কোন প্রকল্পে চারা প্রতি বরাদ্দ ১০ টাকা, আবার কোন প্রকল্পে ৬৪ টাকা
- বনজ, ফলজ ও ভেষজ গাছের তুলনায় উৎপাদন মূল্য কম হওয়ায় আগ্রাসী প্রজাতির গাছ (ইপিলইপিল, বাবলা) রোপন

# বিসিসিটিএফ কর্তৃক এনজিও/বেসরকারি প্রতিষ্ঠানের নির্বাচনে সুশাসন পর্যবেক্ষণ


এনজিও/ বেসরকারি প্রতিষ্ঠান নির্বাচন ও প্রকল্প বাস্তবায়ন নীতিমালা এর ১(ক)অনুচ্ছেদ -

‘‘এনজিও/ বেসরকারি প্রতিষ্ঠানকে স্বেচ্ছাসেবী, সেবামূলক, অরাজনৈতিক এবং অলাভজনক হতে হবে’’

## মাঠ পর্যায়ে ৪০ টি প্রতিষ্ঠানের পরিদর্শন করে সংগৃহীত তথ্য পর্যালোচনা

| বিভিন্ন অনিয়ম | এনজিওর সংখ্যা |
|---|---|
| এনজিও’র অস্তিত্ব খুঁজে পাওয়া যায়নি | ১০ |
| বসবাসরত বাসা লিয়াজো অফিস হিসেবে ব্যবহার | ৩ |
| রাজনৈতিক প্রভাবের মাধ্যমে প্রকল্প প্রাপ্তি | ৯ |
| প্রতিষ্ঠানের নির্বাহী/পরিচালনা পর্ষদ সদস্য রাজনীতির সাথে জড়িত | ১৩ |
| নির্বাচিত প্রতিষ্ঠান কর্তৃক অন্য প্রকল্প বাবদ অর্থ আত্নসাতের অভিযোগ | ২ |
| মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি অনিয়মের জন্য নিবন্ধন বাতিল করেছিল | ১ |
| আইনী বাধ্যতা সত্ত্বেও প্রকল্প এলাকায় অফিস নেই | ৪ |

# বিসিসিটিএফ অনুমোদিত এনজিও/বেসরকারি প্রতিষ্ঠানে জবাবদিহিতার চর্চা




কার্যনির্বাহী পরিষদের সভা

# বিসিসিটিএফ এর অধীনে এনজিও/বেসরকারি প্রতিষ্ঠান নির্বাচনে সুশাসন পর্যবেক্ষণ

**৩ (ক) ধারা: ”নির্বাচিত প্রতিষ্ঠানের অভিজ্ঞতা:** আবেদনকারী এনজিও/বেসরকারি প্রতিষ্ঠানকে জলবায়ু পরিবর্তন, প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা, পরিবেশ সংরক্ষণ, দূষণ নিয়ন্ত্রণ, জীবন-জীবিকা এবং জলবায়ু পরিবর্তন সম্পর্কিত স্বাস্থ্য সেবা ইত্যাদি কাজের পূর্ব অভিজ্ঞতা থাকতে হবে”

| নির্বাচিত এনজিও/ বেসরকারি প্রতিষ্ঠানের কাজের ক্ষেত্র | প্রধান কাজের ক্ষেত্র | ২য় প্রধান কাজের ক্ষেত্র | ৩য় প্রধান কাজের ক্ষেত্র |
|---|---|---|---|
| ক্ষুদ্র ঋণ | ১৭ | ৫ | ২ |
| সমাজ কল্যাণ ও দারিদ্র বিমোচন, হস্তশিল্প, সামাজিক সুরক্ষা, প্রতিবন্ধী, সক্ষমতা বৃদ্ধি | ১৩ | ১২ | ৬ |
| গবেষণা | ৩ | ১ | ১ |
| প্রাকৃতিক দুর্যোগ ব্যবস্থাপনা, পরিবেশ ও জলবায়ু পরিবর্তন | ৪ | ৭ | ৬ |
| শিক্ষা, স্বাস্থ্য, প্রশিক্ষণ, পানি, স্যানিটারি ল্যাট্রিন বিনামূল্যে ঔষধ বিতরণ, খেলাধুলা | ১১ | ২০ | ১১ |
| সচেতনতা, এ্যাডভোকেসি | ১ | ১ | ২ |
| সুশাসন, মানবাধিকার, নারীর ক্ষমতায়ন | ৪ | ৫ | ৩ |
| বনায়ন, কৃষি | ২ | ৩ | ২ |

নীতিমালায় প্রায় সব ধরনের কাজের ক্ষেত্রকে অন্তর্ভূক্ত করায় নীতিমালা নিয়ে প্রশ্ন উত্থাপিত হয়েছে

# এনজিও/বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক প্রকল্প বাস্তবায়নে সুশাসন পর্যবেক্ষণ

## প্রকল্পঃ ঘূর্ণিঝড় সহিষ্ণু ঘর নির্মাণ ও দক্ষতা উন্নয়ন প্রকল্প

**একই বিসিসিটিএফ হতে বরাদ্দকৃত অর্থে দু'ধরনের জলবায়ু সহিষ্ণু ঘর নির্মাণ বাস্তবে কোনটি জলবায়ু সহিষ্ণু ঘর তা প্রশ্নের দাবি রাখে!!**





এনজিও প্রকল্পের আওতায় নির্মিত ঘর



সরকারি প্রকল্পের আওতায় নির্মিত ঘর

# এনজিও/বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়িত প্রকল্পে সুশাসন পর্যবেক্ষণ

**প্রকল্পঃ : Drinking Water Supply and Sanitation for Climate Change Vulnerable Areas in Chittagong**

## সুশাসনের ঝুঁকি

- প্রতিটি টেকসই শৌচাগার নির্মাণে প্রকৃত দাম ৫,৪৬০ টাকা হলেও প্রকল্পের আওতায় তার দাম মাত্র ৪,২২০ টাকা ধরায় ভাল ও টেকসই শৌচাগার নির্মাণ সম্ভব হয়নি
- প্রকল্পের স্থায়িত্ব, কাজের মান ও জনগণের অভ্যাসগত বিষয় বিবেচনায় না এনে প্রকল্প অনুমোদন
- পিকেএসএফ এর পক্ষ হতে প্রকল্পটির বাস্তবায়ন পর্যায়ে এখন পর্যন্ত কোন রকম পরিদর্শন না হওয়া।

**প্রকল্পঃ অবলম্বন**

## সুশাসনের ঝুঁকি

- প্রকল্প বাবদ অর্থ আত্মসাতের অভিযোগ: প্রকল্প প্রস্তাবে প্রতিটি চুলার গড় খরচ ১,০০০ টাকা দেখানো হলেও বাস্তবে দাম ৭৫০-৮০০ টাকা
- প্রকল্প প্রস্তাবের নির্ধারিত দামের চেয়ে কম দামে ক্রয় করে তা বিতরণে মুনাফা করছে যা নীতিমালা বহির্ভূত
- জলবায়ু পরিবর্তন/দুর্যোগ বিষয়ে কাজের পূর্ব অভিজ্ঞতা নেই।

# জলবায়ু অর্থায়নে সুশাসনে সার্বিক চ্যালেঞ্জ

## জলবায়ু তহবিল ছাড়, প্রকল্প প্রণয়ন ও অনুমোদন

- প্রকল্প প্রণয়নে ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠীর সম্পৃক্ততা না থাকা
- আন্ত:প্রতিষ্ঠান সমন্বয়হীনতা
- সরকারি/এনজিও প্রকল্প অনুমোদনে অস্বচ্ছতা, কমিশন গ্রহণ, অন্যান্য সুবিধা বা রাজনৈতিক প্রভাব বিবেচনার অভিযোগ
- প্রকল্পের দীর্ঘস্থায়ী প্রভাবের অনুপস্থিতি;
- জলবায়ু পরিবর্তনের ঝুঁকিকে বিবেচনা না করা
- অর্থায়নে অগ্রাধিকার নিশ্চিত না করা
- এনজিও প্রতিষ্ঠান পরিচালকদের রাজনৈতিক সংশ্লিষ্টতা

## প্রকল্প বাস্তবায়ন

- ঋণ ও ক্ষতিপূরণের টাকায় বাস্তবায়িত প্রকল্প আলাদা না করা; ঠিকাদার নির্বাচনে রাজনৈতিক প্রভাব
- নির্মাণ কাজে নিম্নমানের নির্মাণ উপকরণ প্রয়োগ ও দুর্বল তদারকি; প্রতিষ্ঠান পরিচালকদের রাজনৈতিক সংশ্লিষ্টতা
- তদারকি ও পর্যবেক্ষণে স্থানীয় ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠীর অসম্পৃক্ততা
- পিকেএসএফ কর্তৃক নির্বাচিত অধিকাংশ এনজিও'র জলবায়ু পরিবর্তন সংক্রান্ত পূর্ব অভিজ্ঞতার অভাব
- সঠিক তদারকি, মূল্যায়ন ও অভিযোগ নিরসন ব্যবস্থা না থাকা

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

# সুপারিশ সমূহ

## সরকারি প্রতিষ্ঠান কর্তৃক তহবিল ছাড় ও প্রকল্প বাস্তবায়ন

- জলবায়ু তহবিল বরাদ্দ, প্রকল্প নির্বাচন/অনুমোদন এবং বাস্তবায়নের সকল পর্যায়ে তথ্যের সর্বোচ্চ উন্মুক্ততা নিশ্চিত করতে হবে;
- প্রকল্প তৈরীর পূর্বে অবশ্যই প্রকৃত ঝুঁকি, প্রকল্পের স্থায়িত্ব, ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠীর মতামত বিবেচনায় আনতে হবে;
- ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্রসহ সকল প্রকল্পে স্থানীয় ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠীকে নির্মাণ কার্যক্রম তদারকির কাজে নিবিড়ভাবে সম্পৃক্ত করতে হবে;
- জলবায়ু তহবিল ব্যবস্থাপনার সকল স্তরে (তহবিল বরাদ্দ এবং বাস্তবায়ন) সহজে অভিযোগ গ্রহণ এবং দ্রুত তা নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে।

# সুপারিশ সমূহ

## এনজিও/বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক প্রকল্প বাস্তবায়ন

- প্রতিষ্ঠান/প্রকল্প নির্বাচনে পিকেএসএফকে সম্পূর্ন স্বাধীনভাবে কাজ করার সুযোগ প্রদান করতে হবে;
- প্রকল্প বাস্তবায়ন পর্যবেক্ষণের জন্য প্রকল্প নির্বাচন ও অনুমোদন প্রদানকারী কমিটি ছাড়াও একটি ওয়াচডগ বডি থাকতে হবে;
- যোগ্যতা ও সক্ষমতার ভিত্তিতে এনজিও নির্বাচন করে প্রয়োজনীয় পরিমাণে তহবিল এবং যথার্থ সময় প্রদান করতে হবে;
- জলবায়ু তহবিল ব্যবহারে সততা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতে দুর্নীতিগ্রস্ত প্রতিষ্ঠান/ব্যক্তির বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা নিতে হবে।

# সবাইকে ধন্যবাদ